

## ৫ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র

পাঁচ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ১৯৭৭ খ্রিঃ)

মূল্যমানঃ ১০ টাকা; ৫০ টাকা; ১০০ টাকা; ৫০০ টাকা; ১,০০০ টাকা; ৫,০০০ টাকা; ১০,০০০ টাকা; ২৫,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা; ১০,০০,০০০ টাকা; ২৫,০০,০০০ টাকা।

কোথায় পাওয়া যায়ঃ জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক শাখাসমূহ, তফসিলি ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

মেয়াদঃ ৫ (পাঁচ) বছর।

মুনাফার হারঃ

সঞ্চয় স্কিমের নাম	ক্রয় সীমা	মেয়াদ (উত্তীর্ণ হলে)	সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগ					
			১ হতে ১৫ লক্ষ টাকা পর্যন্ত		১৫ লক্ষ ১ হতে ৩০ লক্ষ টাকা পর্যন্ত		৩০ লক্ষ ১ টাকা হতে তদূর্ধ্ব	
			মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)	মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)	মুনাফার হার (%)	মুনাফার পরিমাণ (প্রতি এক লক্ষ টাকায়)
৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র	(ক) ব্যক্তির ক্ষেত্রেঃ একক নামে ৩০ লক্ষ অথবা যুগ্ম- নামে ৬০ লক্ষ; (খ) প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ উর্ধ্বসীমা নেই।	১ম বছরান্তে	৯.৩৫	১ম বছরান্তে: ৯৩৫০	৮.৫৪	১ম বছরান্তে: ৮৫৪০	৭.৭১	১ম বছরান্তে: ৭৭১০
		২য় বছরান্তে	৯.৮০	২য় বছরান্তে: ১৯৬০০	৮.৯৫	২য় বছরান্তে: ১৭৯০০	৮.০৮	২য় বছরান্তে: ১৬১৬০
		৩য় বছরান্তে	১০.২৫	৩য় বছরান্তে: ৩০৭৫০	৯.৩৬	৩য় বছরান্তে: ২৮০৮০	৮.৪৫	৩য় বছরান্তে: ২৫৩৫০
		৪র্থ বছরান্তে	১০.৭৫	৪র্থ বছরান্তে: ৪৩০০০	৯.৮২	৪র্থ বছরান্তে: ৩৯২৮০	৮.৮৬	৪র্থ বছরান্তে: ৩৫৪৪০
		৫ম বছরান্তে	১১.২৮	মেয়াদান্তে: ৫৬৪০০	১০.৩০	মেয়াদান্তে: ৫১৫০০	৯.৩০	মেয়াদান্তে: ৪৬৫০০

উৎসে করঃ ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ৫% হারে এবং এর অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

যারা ক্রয় করতে পারবেনঃ

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক;

(খ) আয়কর বিধিমালা, ১৯৮৪ (অংশ-২) এর বিধি ৪৯-এর উপ-বিধি (২) এ সংজ্ঞায়িত স্বীকৃত ভবিষ্য তহবিল এবং ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ (১৯২৫ এর ১৯ নং) অনুযায়ী পরিচালিত ভবিষ্য তহবিল;

(গ) আয়কর অধ্যাদেশ-১৯৮৪ এর ৬ষ্ঠ তফসিল এর পার্ট এ এর অনুচ্ছেদ ৩৪ অনুযায়ী মৎস্য খামার, হাঁস-মুরগীর খামার, পেলিটেড পোল্ট্রি ফিডস উৎপাদন, বীজ উৎপাদন, স্থানীয় উৎপাদিত বীজ বিপণন, গবাদি পশুর খামার, দুগ্ধ এবং দুগ্ধজাত দ্রব্যের খামার, ব্যাঙ উৎপাদন খামার, উদ্যান খামার প্রকল্প, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক উৎপাদন এবং ফল ও লতাপাতার চাষ হতে অর্জিত আয়-যা সংশ্লিষ্ট উপ-কর কমিশনার কর্তৃক প্রত্যয়নকৃত।

#### **ক্রয়ের উর্ধ্বসীমাঃ**

(ক) ব্যক্তির ক্ষেত্রেঃ একক নামে ৩০ লক্ষ অথবা যুগ্ম-নামে ৬০ লক্ষ;

(খ) প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ উর্ধ্বসীমা নেই।

#### **অন্যান্য সুবিধাঃ**

(ক) নমিনী নিয়োগ করা যায়;

(খ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনী সাথে সাথেই অথবা মেয়াদ উত্তীর্ণের পর সঞ্চয়পত্র নগদায়ন করে নিতে পারেন।